

কি কি পদ্ধতিতে
ইন-বন্ড ও এক্স-বন্ড সম্পাদন
করা হয় ?

ইন বন্ড : আমদানিকৃত কাঁচামাল বন্ড গুদামে গ্রহণের লক্ষ্যে আমদানি শুদ্ধ ষ্টেশনে পণ্য চালানোর শুদ্ধায়ন সম্পন্ন করে পণ্য অবমুক্ত করার পর পণ্য চালানোর এলসি, ইনভয়েস, প্যাকিং লিষ্ট, সিআরএফ (প্রযোজ্য ক্ষেত্রে) সহকারে বন্ড গুদামে পণ্য গ্রহণের তথ্য বন্ড রেজিস্টারে লিপিবদ্ধ করে

বন্ডার স্বাক্ষর প্রদান করবেন। প্রতিটি রেজিস্টার এর ২টি কপি করতে হয়।

একটি বন্ডার কপি ও অপরটি কাস্টমস কপি। ইন্টুবন্ডের তথ্য বন্ড রেজিস্টারে এন্ট্রি/লিপিবদ্ধ ও বন্ডারের স্বাক্ষরের পর পণ্য চালানোর তথ্যাবলির সঠিকতা যাচাই ও বন্ড গুদামে সমুদয় পণ্য গ্রহণের বিষয়টি নিশ্চিত হতে সংশ্লিষ্ট বন্ড অফিসার কর্তৃক বন্ড রেজিস্টারে স্বাক্ষরের মাধ্যমে ইন্টুবন্ড প্রক্রিয়া সম্পন্ন হয়।

এক্সবন্ড : ইন্টুবন্ডের মাধ্যমে বন্ড গুদামে গৃহীত পণ্য/কাঁচামাল উৎপাদনে ব্যবহারের জন্য বন্ড গুদাম হতে অপসারণ করার পূর্বে সাধারণ ক্ষেত্রে অপসারিতব্য পরিমাণ পণ্য অপসারণের লক্ষ্যে এক্সবন্ড বিল অব এন্ট্রি সংশ্লিষ্ট শুদ্ধ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হয়। তথ্যাবলী যাচাইয়াস্তে সঠিক পাওয়া সাপেক্ষে এক্সবন্ড শুদ্ধায়ন সম্পন্ন করে পণ্য অপসারণের অনুমতি প্রদান করা হয়। সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে পণ্য রপ্তানি এলসি এর বিপরীতে প্রাণ্ড ইউডি এর তথ্য এবং প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইস্যুকৃত ইউপি এর তথ্য বন্ড রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধ করে বন্ডার স্বাক্ষর করেন। লিপিবদ্ধকৃত তথ্যাবলী যাচাইয়াস্তে সঠিক পাওয়া সাপেক্ষে বন্ড অফিসার কর্তৃক বন্ড রেজিস্টার স্বাক্ষরের মাধ্যমে এক্সবন্ড প্রক্রিয়া সম্পন্ন হয়।